রাশিয়ায় পরমাণু অস্ত্রবাহী বোমারু বিমান বিধ্বস্ত, নিহত ৬



ছবি: সংগৃহীত

রাশিয়ার পূর্বাঞ্চলীয় আমুর অঞ্চলে প্রশিক্ষণ চলাকালে টিইউ-৯৫এমএস মডেলের একটি কৌশলগত বোমারু বিমান বিধ্বস্ত হয়ে ছয়জন ক্রু নিহত হয়েছেন। এ ঘটনায় আহত আরও একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে জানিয়েছে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) উড্ডয়নের কয়েক মিনিটের মধ্যেই বিমানটি চীন সীমান্তবর্তী আমুর অঞ্চলের একটি জনবসতিহীন এলাকায় বিধ্বস্ত হয়। নিয়মিত সামরিক মহড়ার অংশ হিসেবে বিমানটি উড্ডয়ন করেছিল। এতে কোনো গোলাবারুদ ছিল না বলে জানিয়েছে রুশ কর্তৃপক্ষ।

দুর্ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে ধ্বংসাবশেষে আগুন এবং ঘন কালো ধোঁয়া দেখা যায়। দুর্ঘটনার কারণ জানতে তদন্ত শুরু হয়েছে। রাষ্ট্রীয় বার্তা সংস্থা তাস জানিয়েছে, ঘটনার কারণ ও পরিস্থিতি খতিয়ে দেখতে মহাকাশ বাহিনীর একটি কমিশন দুর্ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

টিইউ-৯৫ মডেলের এই বোমারু বিমান প্রথম উড্ডয়ন করে ১৯৫২ সালে এবং ১৯৫৬ সালে রুশ সামরিক বাহিনীতে যুক্ত হয়। বিমানটি এখনো রাশিয়ার সামরিক বহরে ব্যবহৃত হচ্ছে এবং নিয়মিত মহড়ায় অংশ নেয়।

রাশিয়ার পূর্বাঞ্চলে এর আগেও বিমান দুর্ঘটনা ঘটেছে। ২০২৫ সালের জুলাইয়ে খারাপ আবহাওয়ার মধ্যে টিন্ডা শহরের পথে একটি আন্তোনভ এএন-২৪ বিধ্বস্ত হয়ে ৪৮ আরোহীর সবাই নিহত হন। এর আগে ২০২১ সালের আগস্টে কামচাটকা উপদ্বীপে একটি মিল এমআই-৮ হেলিকপ্টার বিধ্বস্ত হয়।